গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, লালমনিরহাট।
(জুডিসিয়াল মুন্সিখানা)
www.lalmonirhat.gov.bd

নম্বর-০৫.৪৭.৫২০০.০২৪.২০.০০১.২৩.

২২ চৈত্র, ১৪৩২
তারিখঃ ---------------------
০৫ এপ্রিল, ২০২৬

# গণবিজ্ঞপ্তি

লালমনিরহাট জেলার সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বর্তমান পরিস্থিতিতে জ্বালানি তেলের যথাযথভাবে সরবরাহ ও বিতরণ নিশ্চিতকল্পে জেলা পর্যায়ে গঠিত "ভিজিলেন্স টিম'র ০৫/০৪/২০২৬ তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী মোটর সাইকেলের মালিকগণ কর্তৃক ফিলিং স্টেশন হতে জ্বালানি (পেট্রোল ও অকটেন) সংগ্রহের উদ্দেশ্যে নির্ধারিত ফুয়েল কার্ড সংগ্রহ করা আবশ্যক। ফুয়েল কার্ড সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে অফিস চলাকালে সংগ্রহ করতে হবে। ফুয়েল কার্ড সংগ্রহের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে পেট্রোল/অকটেনের প্রয়োজনীয়তা উল্লেখপূর্বক আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদন যাচাইঅন্তে কাগজাদি সঠিক পাওয়া গেলে ফুয়েল কার্ড প্রদান করা হবে।

আবেদনের তারিখঃ আগামী ০৬/০৪/২০২৬ হতে ০৯/০৪/২০২৬ তারিখ পর্যন্ত।

আবেদনের সাথে যেসকল কাগজাদি দাখিল করতে হবে:

০১. জাতীয় পরিচয়পত্রের ফটোকপি;
০২. মোটর সাইকেলের রেজিস্ট্রেশনের ফটোকপি;
০৩. ড্রাইভিং লাইসেন্সের ফটোকপি;
০৪. আবেদনকারীর পাসপোর্ট সাইজের ছবি- ০২ কপি;
০৫. অন্য জেলার জাতীয় পরিচয়পত্রধারীগণ অত্র জেলায় অবস্থানপূর্বক কর্মরত হলে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র;

**উল্লেখ্য যে, ১৩/০৪/২০২৬ তারিখ হতে ফুয়েল কার্ড ব্যতীত পেট্রোল ও অকটেন বিক্রয় করা হবে না। এ সংক্রান্ত অন্যান্য শর্তাবলি ফুয়েল কার্ডে উল্লেখ থাকবে।**

আদেশক্রমে

স্বাক্ষরিত/-
(মুহঃ রাশেদুল হক প্রধান)
জেলা ম্যাজিস্ট্রেট
লালমনিরহাট
ফোনঃ ০২৫৮৯-৯৮৬৭৭৭
E-mail:dclalmonirhat@mopa.gov.bd

নম্বর-০৫.৪৭.৫২০০.০২৪.২০.০০১.২৩.-৪৮৬(৫০).

২২ চৈত্র, ১৪৩২
তারিখঃ ---------------------
০৫ এপ্রিল, ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১। পুলিশ সুপার, লালমনিরহাট।
০২। অধিনায়ক, ১৫/৫১/৬১, বর্ডার গার্ড বাংলাদেশ, লালমনিরহাট।
০৩। প্রশাসক, লালমনিরহাট পৌরসভা, লালমনিরহাট (তাঁকে জরুরিভিত্তিতে গণবিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
০৪। উপপরিচালক, এন এস আই, লালমনিরহাট।
০৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট (তাঁকে জরুরিভিত্তিতে গণবিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
০৬। সহকারী কমিশনার, গোপনীয় শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট।
০৭। জেলা তথ্য অফিসার, লালমনিরহাট (তাঁকে জরুরিভিত্তিতে গণবিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
০৮। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট (তাঁকে গণবিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধ করা হলো)।
০৯। সহকারী পরিচালক, বিআরটিএ, লালমনিরহাট।

০৫।৪।২৬

(মুহঃ রাশেদুল হক প্রধান)
জেলা ম্যাজিস্ট্রেট
লালমনিরহাট